গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.npo.gov.bd

**বিষয়: জাতীয় উৎপাদনশীলতা কার্য-নির্বাহী কমিটির ১৬তম সভার কার্যবিবরণী ।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মোঃ আবদুল হালিম**<br>সচিব, শিল্প মন্ত্রণালয় |
| তারিখ | : | ০৬ মে, ২০১৯ খ্রি. সোমবার |
| স্থান | : | শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| সময় | : | বিকাল: ৩.০০ টা । |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব এস. এম. আশরাফুজ্জামান, এনপিও, পরিচালক জাতীয় উৎপাদনশীলতা কার্য-নির্বাহী কমিটির কার্যপত্র সভায় উপস্থাপন করেন ।

অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র নং | আলোচ্যসূচি ও আলোচনা | সভার সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | <u>বিগত সভার কার্য-বিবরণী নিশ্চিতকরণ</u><br><br>গত ২৮ জানুয়ারি,২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত পঞ্চদশ সভার কার্য-বিবরণী উপস্থাপন করা হয় । এতে কোন সংশোধনী না থাকায় কার্য-বিবরণীটি দৃঢ় করা যেতে পারে মর্মে সকলে মত প্রকাশ করেন। | বিগত পঞ্চদশ সভার কার্যবিবরণী দৃঢ় করা হলো। |
| ২ | **<u>এনপিও দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন সংক্রান্ত</u>**<br><br>ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জন্য ০৩টি আঞ্চলিক কার্যালয় স্থাপনসহ সাংগঠনিক কাঠামোতে বিভিন্ন ক্যাটাগরির ১৭৭ (একশত সাতাত্তর)টি নতুন পদ সৃজনের বিপরীতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে ১৬টি পদ সৃজনে ও যুগ্ম পরিচালক এর ০১ (এক)টি পদ বিলুপ্তি এবং ১০টি অফিস সরঞ্জাম টিওএন্ডইভুক্ত করণের সম্মতি পাওয়া গিয়েছে । এ প্রেক্ষিতে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জন্য ০৩টি আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা) স্থাপনসহ সাংগঠনিক কাঠামোতে বিভিন্ন ক্যাটাগরির ১৭৭ (একশত সাতাত্তর)টি নতুনপদ সৃজনসহ প্রস্তাবটি পুনর্বিবেচার জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ জানানোর জন্য গত ২৮-০৩-২০১৯ তারিখে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন ।<br>সভাপতি এনপিও দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন বিষয়ে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন । | এনপিও'র আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপনের বিষয়টি বাস্তবায়নের লক্ষ্যে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে ।<br><br>**বাস্তবায়ন :**<br><br>**(ক) পরিচালক, এনপিও**<br><br>(খ) যুগ্ম সচিব (প্রশাঃ-২)<br>শিল্প মন্ত্রণালয় |

| | | |
|---|---|---|
| ৩ | **এনপিও'র জন্য বরাদ্দকৃত জায়গায় ভবন নির্মাণ সংক্রান্ত**<br>এনপিও এর পরিচালক জানান যে, এনপিও'র জন্য বরাদ্দকৃত জায়গায় ভবন নির্মাণ সংক্রান্ত প্রকল্পের মামলাটি পুনরায় শুনানির জন্য Cause List এ অর্ন্তভুক্ত আছে এবং শুনানি চলছে।<br>তিনি আরো জানান যে, "আধুনিক সুযোগ সুবিধাসহ ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এবং পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) এর অফিস ভবন নির্মাণ" প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন, ২০২১ পর্যন্ত ২ বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব গত ৩১/০৩/২০১৯ তারিখে পরিকল্পনা অনুবিভাগ, শিল্প মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি এনপিও'র বরাদ্দকৃত জায়গায় ভবন নির্মাণের জন্য মামলাটি দ্রুত নিষ্পত্তির বিষয়ে সংশ্লিষ্টদের আরো অধিক মাত্রায় উদ্যোগী ও কর্মতৎপরতা বৃদ্ধির পরামর্শ প্রদান করেন। | অ্যাটর্নি জেনারেল (AG) / ডেপুটি অ্যাটর্নি জেনারেল (DAG) অফিসের সাথে সর্বাত্মক ও কার্যকরী যোগাযোগ সৃষ্টি করে দ্রুত মামলা নিষ্পত্তি করে ভবনের নির্মাণ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br><br>**বাস্তবায়ন :**<br>(ক) পরিচালক, এনপিও<br>(খ) রেজিস্ট্রার, DPDT<br>গ) ব্যবস্থাপনা পরিচালক এসএমই ফাউন্ডেশন |
| ৪ | **এনপিওকে একটি দক্ষ পেশাদারী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কারিগরি প্রকল্প গ্রহণ**<br>ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী "উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পের পিইসি সভা গত ২৬/০২/২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত পিইসি সভার সিদ্ধান্তের আলোকে টিএপিপি পুর্ণগঠণ করে গত ২১/০৩/২০১৯ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন। তিনি আরো জানান যে, গত ২১/০৪/২০১৯ তারিখ ২০১৯-২০ অর্থ বছরে এডিপিতে নতুন প্রকল্পসমূহ অর্ন্তভুক্তকরণের সভা পরিকল্পনা বিভাগে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচ্য প্রকল্পটি অর্ন্তভুক্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও আলোচ্য প্রকল্পের জনবল (অতিরিক্ত দায়িত্ব) অনুমোদনের জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি এনপিও'র পরিচালকের নিকট জানতে চান যে, আলোচ্য উন্নয়ন প্রকল্পটি পিআইসি কর্তৃক অনুমোদিত হয়েছে কিনা এবং একনেক এর সভায় উপস্থাপিত হবে কিনা। তিনি আলোচ্য উন্নয়ন প্রকল্পটির কর্মকান্ড যথাসময়ে সম্পন্ন করার লক্ষ্যে পিডি হিসেবে এনপিও'র কর্মরত কর্মকর্তাকে নিয়োগপ্রদান করার উপর গুরুত্ব আরোপ করেন। পরিচালক এনপিও জানান যে, আলোচ্য উন্নয়ন প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১০৮৩.৫৮ লক্ষ টাকা হওয়ায় একনেকের অনুমোদনের প্রয়োজন হবে না এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে আগামী অর্থ বছরে প্রকল্পটি বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা যাবে।<br>সভাপতি এনপিও'র জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী "উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নে পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন।<br>তিনি এখন থেকে বাস্তবায়ন কৌশল নির্ধারণ করার পরামর্শ প্রদান করেন। | (ক) পরিকল্পনা কমিশন,পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণকৃত এনপিও'র পেশাজীবী কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে "উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির ফলোআপ করতে হবে।<br>(খ) প্রকল্পটি অনুমোদন প্রাপ্তির সঙ্গে সঙ্গে যাতে বাস্তবায়নের কাজ শুরু করা যায় সে লক্ষ্যে এখনই কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে।<br><br>**বাস্তবায়ন :**<br>(ক) **পরিচালক,** এনপিও<br>(খ) পরিকল্পনা অনুবিভাগ শিল্প মন্ত্রণালয়। |
| ৫ | **এপিও কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে প্রদেয় স্বল্প ব্যয় সম্পন্ন আন্তর্জাতিক মানের Technical Expert Service (TES) সেবা গ্রহণ**<br>এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন যে, ২০১৯ সালে Technical Expert Service (TES) সেবা গ্রহণের জন্য ৭টি আবেদন প্রস্তাব **এপিও তে প্রেরণ করা হয়েছে।** তদানুযায়ী জুলাই ২০১৯ সালের জন্য **এপিও হতে** Lean Manufacturing System and Applications এর উপর Technical Expert Service (TES) সেবা প্রদানের সম্মতি পাওয়া গেছে। তিনি বলেন, ডিসেম্বর ২০১৯ সালের মধ্যে এনপিও হতে প্রস্তাবিত | ২০১৯ সালে এপিও কর্তৃক Technical Expert Service (TES) গ্রহণের কর্মসূচি অধিক সংখ্যক প্রাপ্তির লক্ষ্যে এনপিও প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।<br><br>**বাস্তবায়ন : পরিচালক,** এনপিও |

| | | |
|---|---|---|
| | অন্যান্য আবেদনসমূহ হতে এপিও কর্তৃক TES সেবা প্রদানের সম্মতি পাওয়া যাবে । | |
| ৬ | **সেক্টর এবং সাব সেক্টরের Need Base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিও'র মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষর**<br>এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন যে, অদ্য বিকাল ০৩.০০ ঘটিকায় শিল্প সচিব মহোদয়ের উপস্থিতিতে এনপিও এবং ইনফরমাল সেক্টর ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল (আইএসআইএসসি) এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে ।<br>শিল্প সচিব জনাব মোঃ আবদুল হালিম মহোদয়ের উপস্থিতিতে এনপিও এবং বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশনের মধ্যে সমঝোতা স্মারক গত ০৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে স্বাক্ষরিত হয়েছে । পরিচালক এনপিও উপস্থিত সকল ট্রেডবডির প্রতিনিধিগণকে প্রস্তাবিত MoU সংক্রান্ত কর্মকান্ড সম্পাদনের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করেন।<br>তিনি আরো বলেন, ডিসিসিআই হতে প্রাপ্ত সমঝোতা স্মারকের উপর শিল্প মন্ত্রণালয়ের মতামত পাওয়া গিয়েছে । মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ডিসিসিআই'র সাথে যোগাযোগ অব্যাহত আছে। এ পরিপ্রেক্ষিতে ঢাকা চেম্বার অব কমার্স এর পরিচালক জনাব রাশেদুল করীম মুন্না বলেন যে, এনপিও কর্তৃক প্রেরণকৃত খসড়া সমঝোতা স্মারক স্বাক্ষরের উপর দুই পক্ষের আলোচনা করা প্রয়োজন।<br>বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই) এর পরিচালক মিজ প্রীতি চক্রবর্তী বলেন, দেশব্যাপী উৎপাদনশীলতা বৃদ্ধিতে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) সৃষ্টিলগ্ন থেকে অত্যন্ত গুরুত্ব সহকারে কাজ করে আসছে । তিনি বলেন, উৎপাদনশীলতা উন্নয়নের জন্য এপিও'র অর্ন্তভুক্ত বিভিন্ন দেশের Productivity Knowledge & Modern Technology সম্পর্কে সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর করা একটি সময়োপযোগী উদ্যোগ । তিনি ভবিষ্যতে বিভিন্ন এসোসিয়েশন, ট্রেডবডি, ব্যবসায়িক সংগঠনের আওতাভুক্ত শিল্প/সেবা প্রতিষ্ঠানসমূহকে উৎপাদনশীলতা উন্নয়নের কলা কৌশল শীর্ষক কর্মকান্ড পরিচালনার উপর গুরুত্ব আরোপ করেন ।<br>এনপিও'র সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারকসমূহের কর্মকান্ডের ফলোআপের উদ্যোগ এবং প্রয়োজনীয় কার্যক্রম বিষয়ে সভাপতির মতামত ব্যক্ত করেন।<br>সভাপতি সভায় ইনফরমাল সেক্টর ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল (আইএসআইএসসি) এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর হওয়ায় সভাপতি আইএসআইএসসিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় উপস্থিত বিভিন্ন ট্রেডবডির প্রতিনিধিদেরকে প্রস্তাবিত MOU সংক্রান্ত কর্মকান্ড গুরুত্ব অনুধাবন করে সর্বাত্মক অংশগ্রহণসহ MOU স্বাক্ষরের জন্য অনুরোধ জানান । | উৎপাদনশীলতা উন্নয়নে অংশগ্রহণসহ MoU স্বাক্ষরের জন্য বিভিন্ন ট্রেডবডির সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে ।<br><br>**বাস্তবায়ন : পরিচালক,** এনপিও |
| ৭ | **শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণ**<br>এনপিও'র পরিচালক জানান বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণের জন্য অতিরিক্ত সচিব (সাধারণ) কে আহবায়ক করে ০৫ সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক Content প্রস্তুত করা হয়েছে। কমিটি কর্তৃক চূড়ান্ত contentটি শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে প্রেরণ করা হয়েছে ।<br>সভাপতি বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয়ক Content টি অর্ন্তভুক্তকরণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন । | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয়ক Content টি অর্ন্তভুক্তকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে ।<br>**বাস্তবায়ন :**<br>(ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br>(খ) **পরিচালক,** এনপিও |

| | | |
|---|---|---|
| ৮ | **এনপিও'র সার্বিক কর্মকান্ডের উপর উৎপাদনশীলতা বিষয়ক ডকুমেন্টরি ফিল্ম প্রস্তুতকরণ**<br>এনপিও'র পরিচালক জানান এনপিও কর্তৃক নিয়োগপ্রাপ্ত প্রতিষ্ঠানটি ডকুমেন্টরি প্রস্তুতের কাজ সম্পন্ন করেছে। প্রস্তুতকৃত ডকুমেন্টরি ফিল্মটি আংশিক পরিবর্তন ও পরিমার্জন ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। চূড়ান্ত ফিল্মটির ইংরেজী ডাবিং এর কাজ সম্পন্ন করা হচ্ছে।<br>সভাপতি উৎপাদনশীলতা বিষয়ক ডকুমেন্টরি ফিল্ম প্রস্তুতের কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন। | উৎপাদনশীলতা বিষয়ক ডকুমেন্টরি ফিল্ম প্রস্তুতের কার্যক্রম দ্রুততার সাথে শেষ করতে হবে।<br><br>**বাস্তবায়ন : পরিচালক,** এনপিও |
| ৯ | **উৎপাদনশীলতা সম্পর্কে ধারণা সম্প্রসারণের জন্য উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক সেমিনার/ কর্মশালা/ আয়োজন**<br>এনপিও পরিচালক সভাকে অবহিত করেন উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান করার লক্ষ্যে এনপিও কর্তৃক "উৎপাদনশীলতা উন্নয়ন কলা কৌশল" শীর্ষক ০৫টি সেমিনার/ কর্মশালা/ আলোচনা সভা বাস্তবায়ন করা হয়েছে। তিনি ধারাবাহিকভাবে ০৫টি সেমিনার ও কর্মশালা সম্পর্কে সভাকে অবহিত করেন। সেমিনার ও কর্মশালাসমূহ নিম্নরূপঃ-<br>১. উৎপাদনশীলতা বিষয়ক দক্ষতা বাড়াতে এনপিও এবং বিকেএমইএ এর যৌথ উদ্যোগে গত ৩০ এপ্রিল ২০১৯ তারিখে "উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল" বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালায় এনপিও'র পরিচালক ২৭টি Tools & Technique এর উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উৎপাদনশীলতা বিষয়ে ধারণা প্রদান করেন। এ কর্মশালায় বিকেএমইএ'র আওতাভুক্ত প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং এনপিও'র সকল কর্মকর্তারা উপস্থিত ছিলেন।<br><br>২. এপিও, এনপিও এবং এস. আর. এশিয়ার যৌথ উদ্যোগে বাংলাদেশের ০২টি সু-ফ্যাক্টরীতে MFCA in Leather Sector, Bangladesh শীর্ষক প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। এ প্রকল্পের অংশ হিসেবে গত ২৯ এপ্রিল, ২০১৯ তারিখে বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, ঢাকায় Dissemination Seminar on Sustainable Production and Consumption through Productivity and MFCA একটি সেমিনারের আয়োজন করা হয়েছে। উক্ত সেমিনারে শিল্প মন্ত্রণালয়ের শিল্প সচিব প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ সেমিনারে শিল্প/সেবা প্রতিষ্ঠানের উচ্চ পর্যায়ের প্রতিনিধিবৃন্দ ও মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং এনপিও'র সকল কর্মকর্তারা উপস্থিত থেকে প্রোডাকটিভিটি বিষয়ে এনপিও'র কর্মকান্ড তুলে ধরেন।<br>৩. এনপিও এবং বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, ঢাকা **এর যৌথ উদ্যোগে গত ১৩-১৪ মার্চ ২০১৯ তারিখে** "উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল" বিষয়ক কর্মশালা আয়োজন করা হয়েছে। উক্ত কর্মশালায় এনপিও পরিচালক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রোডাকটিভিটি বিষয়ে এনপিও'র কর্মকান্ড তুলে ধরেন।<br>৪. গত ২৬ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখ ইনফরমাল সেক্টর ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল এর উদ্যোগে সিরাশপাড়া, বিসিক শিল্প নগর, টংগী, গাজীপুর "শ্রমনীতি এবং শোভন কাজ" শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় এনপিও পরিচালক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিভিন্ন সেক্টরের প্রোডাকটিভিটি বৃদ্ধির লক্ষ্যে করণীয় বিষয়ে মতামত উপস্থাপন করেন।<br>৫. লেদার ও ট্যানারি খাতের দক্ষতা বাড়াতে গত ২৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে "উৎপাদনশীলতা উন্নয়ন কৌশল" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালায় শিল্প | উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান করার লক্ষ্যে "উৎপাদনশীলতা উন্নয়ন কলা কৌশল" শীর্ষক সেমিনার/ কর্মশালা/ আলোচনা সভা অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়ন :<br>ক) **পরিচালক,** এনপিও<br>খ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ট্রেডবডি |

| | | |
|---|---|---|
| | মন্ত্রণালয়ের শিল্প সচিব প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । এ কর্মশালায় লেদার ও ট্যানারি শিল্প প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং এনপিও'র সকল কর্মকর্তারা উপস্থিত ছিলেন। | |
| ১০ | **<u>ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৮ প্রদান করা</u>**<br>এনপিও'র পরিচালক জানান এনপিও'র কর্ম পরিকল্পনা অনুযায়ী "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি অ্যাওয়ার্ড ২০১৮" সালের অ্যাওয়ার্ড আগামী জুলাই ২০১৯ এর বিতরণ করা হবে। এ লক্ষ্যে এনপিওতে জমাকৃত ৭৬টি আবেদন ফরমসমূহের প্রাথমিক যাচাই-বাছাই কাজসহ এসেসমেন্টের কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে । উল্লেখ্য যে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৮" এর মোট ৯৬টি আবেদন ফরম বিক্রি হয়েছে।<br>তিনি সভায় অ্যাওয়ার্ড প্রাপকের সংখ্যা নির্ধারণের বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন । বিদ্যমান জাতীয় শিল্পনীতিতে বর্ণিত শিল্প প্রতিষ্ঠানের সংজ্ঞা ও শ্রেণিবিন্যাস অনুযায়ী বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো, কুটির, রাষ্ট্রায়ত্ত শিল্পে অধিক সংখ্যক আবেদন ও কোয়ালিটি সম্পন্ন প্রতিষ্ঠানের প্রত্যেক ক্যাটাগরিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ০৬টি প্রতিষ্ঠানকে অ্যাওয়ার্ড প্রদান করা যাবে এবং উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক বিভিন্ন কর্মকান্ডের স্বীকৃতি স্বরূপ ০৩টি ট্রেডবডি, এসোসিয়েশন, ব্যবসায়িক সংগঠনকে Institutional Appreciation Award শীর্ষক ক্রেস্ট প্রদান বিষয়টি খসড়া নীতিমালায় অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে জানান । ভবিষ্যতে মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে এর সংখ্যা বৃদ্ধি করা যাবে এবং মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ পূর্বক প্রয়োজনে যে কোন ক্যাটাগরিতে খাত উপখাত বিবেচনা করে এবং কমপক্ষে ৫০% নম্বর প্রাপ্তদের মধ্য হতে অ্যাওয়ার্ড প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠান মনোনীত করার উপর মতামত ব্যক্ত করেন ।<br>সভাপতি এনপিও'র কর্ম পরিকল্পনা অনুযায়ী ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৮" বিতরণের যাবতীয় কার্যক্রম সম্পাদনের জন্য পরিচালক এনপিও'কে পরামর্শ প্রদান করেন । | জুলাই ২০১৯ এর মধ্যে "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৮" সালের অ্যাওয়ার্ড প্রদানের যাবতীয় কর্মকান্ড সম্পাদন করতে হবে ।<br>**বাস্তবায়ন :**<br>(ক) অতিরিক্ত সচিব<br>শিল্প মন্ত্রণালয়<br>(খ) পরিচালক, এনপিও |
| ১১ | **<u>ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠান প্রধানগণকে সিআইপি'র আদলে সুযোগ সুবিধা সংক্রান্ত</u>**<br>এনপিও'র পরিচালক বলেন, শিল্প মন্ত্রণালয়ের উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের উপস্থিতিতে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এর খসড়া নীতিমালা ২০১৯ সংক্রান্ত একটি সভা গত ২৮ জানুয়ারি, ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়েছে । তিনি আরো সভাকে অবহিত করেন যে, শিল্প মন্ত্রণালয় কর্তৃক ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯" এর নীতিমালা চূড়ান্তকরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ প্রেরণ করা হয়েছে ।<br>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এর নীতিমালাটি চূড়ান্ত করণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ অবহ্যাহত রাখার পরামর্শ প্রদান করেন । | "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড" সংক্রান্ত খসড়া নীতিমালাটি দ্রুত চূড়ান্ত করতে হবে ।<br>**বাস্তবায়ন :**<br>ক) অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>(খ) এ সংক্রান্ত সংশ্লিষ্ট কমিটি |
| ১২ | **<u>এনপিও'র জন্য গঠিত খাতওয়ারী উপদেষ্টা কমিটিকে গতিশীল করার লক্ষ্যে ৮টি সেক্টরের সভা আহবান ও পুনর্গঠন</u>**<br>এ অর্থবছরে ০৮টি সেক্টরে ইতোমধ্যে ১৬ টি সভা অনুষ্ঠিত হয়েছে । অবশিষ্ট সভাসমূহ স্ব স্ব কমিটি নির্ধারিত সময়ের আগেই সম্পন্ন করবে মর্মে জানানো হয়েছে। | বিষয়টি ইতোমধ্যে সম্পাদন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয় । |

| | | |
|---|---|---|
| ১৩ | **এনপিও এর ষান্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা) প্রকাশ**<br>এনপিও'র পরিচালক সভাকে জানান, মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও শিল্প সচিবের সুবিধাজনক সময়ে এনপিও কর্তৃক প্রকাশিত ষান্মাসিক এনপিও বার্তা'র ৪র্থ সংখ্যা (জুলাই-ডিসেম্বর ২০১৮)'র মোড়ক উন্মোচন করা হবে। | উৎপাদনশীলতা বিষয়ে বিভিন্ন লেখাসহ নিয়মিতভাবে ষান্মাসিক এনপিও বার্তা প্রকাশ করতে হবে।<br><br>বাস্তবায়ন : পরিচালক, এনপিও । |
| ১৪ | **বিভিন্ন ট্রেডবডিকে প্রণোদনা প্রদান এবং ক্রাইটেরিয়া নির্ধারণ**<br>এনপিও'র পরিচালক সভাকে জানান, ক্রাইটেরিয়া নির্ধারণের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন) কে সভাপতি করে ৫ সদস্য বিশিষ্ট গঠিত কমিটির কর্তৃক ১০০ (একশত) নাম্বারের মূল্যায়ণের প্রশ্নমালাটি চূড়ান্ত করা হয়। তদানুযায়ী বিভিন্ন ট্রেডবডি, ব্যবসায়িক সংগঠন ও বেসরকারি প্রতিষ্ঠানকে Appreciation Award Institutional শীর্ষক ক্রেষ্ট প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তিনি Institutional Appreciation Award ২০১৮ এর মোট ০৯ টি আবেদন ফরম পাওয়া গিয়েছে মর্মে সভাকে অবহিত করেন । | বিষয়টি ইতোমধ্যে সম্পাদন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয় । |
| ১৫ | **ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর সার্বিক কর্মকান্ডের তথ্যাদি বিষয়ক**<br>এনপিও'র পরিচালক সভাকে জানান, ইতোমধ্যে এনপিও'র নানামুখী কার্যক্রম দৃশ্যমান করার লক্ষ্যে বাস্তবায়িত যাবতীয় কর্মসূচির Feed Back সংগ্রহের নিমিত্তে ছক প্রস্তুত করে তথ্যাদি সংগ্রহ করা হচ্ছে । তিনি আরো জানান যে, বিগত ০৩ বছরে এনপিও কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন সেক্টরে পরিচালিত প্রশিক্ষণের ফলাফল নিরূপণের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা করার জন্য ইতোমধ্যে শিল্প মন্ত্রণালয়ে বাজেট প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বাজেট প্রস্তাব অনুমোদনের সংগে সংগে কার্যক্রম গ্রহণ করা হবে।<br>সভাপতি বলেন, এনপিও এবং এপিও কর্তৃক বাংলাদেশের ০২টি সু-ফ্যাক্টরীতে MFCA in Leather Sector, Bangladesh শীর্ষক যে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে তা খুবই কার্যকরী পদক্ষেপ । বাংলাদেশের সরকারি, আধাসরকারি, স্বায়িত্তশাসিত প্রতিষ্ঠান ও বেসরকারি শিল্প/সেবা প্রতিষ্ঠানে MFCA বাস্তবায়ন করা হলে প্রতিষ্ঠানের অর্থনৈতিক বিষয়াদি, ভিশন ও মিশন বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে ।<br>তিনি বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনে এনপিও কর্তৃক ইতোমধ্যে একটি গবেষণা কার্যক্রম পরিচালনা করার বিষয়টি সভাকে অবহিত করেন এবং ভবিষ্যতে এনপিও কর্তৃক বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান সমুহে MFCA বাস্তবায়নের পদক্ষেপ নিতে চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনকে নির্দেশনা প্রদান করেন। | ক) এনপিও'র কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন শিল্প ও সেবা প্রতিষ্ঠানের প্রশিক্ষণের ফলাফল নিরূপণের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে হবে।<br><br>(খ) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন এনপিও'র সঙ্গে যোগাযোগ করে MFCA বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করবেন ।<br><br>বাস্তবায়ন :<br>(ক) চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন<br>(খ) পরিচালক, এনপিও |

সভায় আর কোন আলোচ্যবিষয় না থাকায় সভাপতি ও সচিব, শিল্প মন্ত্রণালয় উপস্থিত সদস্যদেরকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান ও আলোচনায় অংশগ্রহণ করার জন্য আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(মোঃ আবদুল হালিম)
সচিব, শিল্প মন্ত্রণালয়
ও
সভাপতি
জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি

০৬-০৫-২০১৯ ইং তারিখে বিকাল ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত

**জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)'র ১৬ তম** সভার সম্মানিত সদস্যগণের উপস্থিতির তালিকা ও স্বাক্ষর:

| ক্র. নং | নাম ও পদবী | সংস্থার নাম | টেলিফোন,ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | মো: মোস্তাক হাসান, এফসিএ<br>চেয়ারম্যান, বিসিসিআই | বিসিসিআই | টেলিফোন: 7914-882145<br>ই-মেইল: mostaque.hassan@gmail.com | [signature] |
| ০২. | মির্জা নুরুল গনি শোভন<br>সহ সভাপতি, | নাসিব | টেলিফোন: 01713014803<br>ই-মেইল: nasib.bd2@gmail.com | [signature] |
| ০৩ | মো: রাশেদুল করিম মুন্না<br>পরিচালক | বিজিএমইএ গ্রুপ | টেলিফোন: 01711540958<br>ই-মেইল: creation.rkmunna@gmail.com | [signature] |
| ০৪. | মো: গোলাম মোস্তফা<br>গ্রুপ লিডার | এম জি জি গ্রুপ | টেলিফোন: 01819-330682<br>ই-মেইল mgmustofa57@gmail.com | [signature] 6.5.19 |
| ০৫. | এম. এ. ওয়াহেদ রহমান<br>ডি জি আর | বিইএফ | টেলিফোন: 01914-613942<br>ই-মেইল: warahman_53@yahoo.com | [signature] 05/05/19 |
| ০৬. | নিশাত ইসলাম<br>সহকারী সমন্বয়ক: উন্নয়ন ও প্রশিক্ষণ | এম.সি.সি.আই (MCCI) | টেলিফোন: 01674983424<br>ই-মেইল: njislam30@gmail.com | Nishat 06.05.19. |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭. | Md. Rezaul Mazid.<br>Senior Manager<br>BRAC, Skills Development Programme | BRAC | টেলিফোন: 01716249658<br>ই-মেইল: rezaul.mazid@brac.net | [signature] 6.5.19. |
| ০৮. | Mahbubul Islam<br>Member Secretary<br>IS-ISC | IS-ISC | টেলিফোন: 9345173<br>ই-মেইল; baubd@gmail.com | [signature] |
| ০৯. | Mohiuddin Mojumder<br>EC Member, NASCIB | NASCIB | টেলিফোন: 01715105266<br>ই-মেইল: nascibbd@gmail.com | [signature] |
| ১০. | Md. Hamidul Islam.<br>chief chemist | BSFIC | টেলিফোন: 01730-910721<br>ই-মেইল: | [signature] |
| ১১. | মোহাম্মদ ফাতেমা বেগম<br>উ.স.ক. | NPO | টেলিফোন: 01557386706<br>ই-মেইল: fatamabegumnpo@gmail.com | [signature] |
| ১২. | [illegible] | [illegible] | টেলিফোন ০১৮১৮ ৫৪১৫৪৭<br>ই-মেইল Khaled @ smef.org.bd | [signature] |
| ১৩. | [illegible] | Director BWCCI<br>Chairman, UMCH | টেলিফোন: 01841038833<br>Priti chakraborty62@gmail.com | [signature] |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ই-মেইল: | |
| ১৪. | M. Fazlul Karim Joint Secty | DCCI | টেলিফোন: 01911297884<br>ই-মেইল: fazlul.kari | |
| ১৫. | S.M. Ashrafuzzaman Director. | NPO. | টেলিফোন:<br>ই-মেইল: | |
| ১৬. | | | টেলিফোন:<br>ই-মেইল: | |
| ১৭. | | | টেলিফোন:<br>ই-মেইল: | |
| ১৮. | | | টেলিফোন:<br>ই-মেইল: | |
| ১৯. | | | টেলিফোন:<br>ই-মেইল: | |

০৬-০৫-২০১৯ ইং তারিখে বিকাল ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত

**জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)'র ১৬ তম সভার সম্মানিত সদস্যগণের উপস্থিতির**

তালিকা ও স্বাক্ষর:

| ক্র. নং | নাম ও পদবী | সংস্থার নাম | টেলিফোন,ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | পরাগ<br>অতিরিক্ত সচিব | শিল্প | টেলিফোন: ০১৭১১৫২৫৬০৮<br>ই-মেইল: paragmhug@yahoo.com | পরাগ<br>০৬.০৫ |
| ০২. | মিজানুর রহমান<br>চেয়ারম্যান, | BSEC | টেলিফোন: 01732912595<br>ই-মেইল: bsecheadoffice@gmail.com | [signature] |
| ০৩ | মো: হাইয়ুল কাইয়ুম<br>চেয়ারম্যান | BCIC | টেলিফোন: 01718769882<br>ই-মেইল: | [signature]<br>৬/৫/১৯ |
| ০৪. | মো: ফজলুল কবীর<br>সচিব | BTMC | টেলিফোন: 01715453009<br>ই-মেইল | [signature]<br>৬/৫/১৯ |
| ০৫. | খালেদ মামুন চৌধুরী<br>পরিচালক (উৎপাদন ও প্রকৌশল) | বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (BSEC) | টেলিফোন: 01711489426<br>ই-মেইল: khaledmchowdhury65@gmail.com | [signature] |
| ০৬. | (রেজাউল করিম মিয়াজী)<br>উপ-প্রধান রসায়নবিদ(SC) | বিএসএমসি | টেলিফোন: 01552326908<br>ই-মেইল: Production.bsmcc gmail.com. | [signature]<br>6/5/2019 |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭. | মো: হারুন অর রশিদ<br>যুগ্ম সচিব | [illegible] | টেলিফোন: ০১৭১১২৪৫৭৭৮<br>ই-মেইল: harunfbei@yahoo.com | |
| ০৮. | কামরুন নাহার সিদ্দিকী<br>উপ-সচিব | BEI | টেলিফোন: 01793650734<br>ই-মেইল; bei.bei85@gmail.com | |
| ০৯. | মো: নজরুল ইসলাম<br>যুগ্ম-পরিচালক (অ: দা:) | এনজিও | টেলিফোন: 01556332568<br>ই-মেইল: nazrul_islam_si@yahoo.com | |
| ১০. | মো: মেহেদী হাসান<br>গবেষণা কর্মকর্তা | এনজিও | টেলিফোন: 01716-981810<br>ই-মেইল: meledinpo@gmail.com | |
| ১১. | মনসুর হাসান খন্দকার<br>ভাইস-চেয়ারম্যান<br>ইনফরমাল সেক্টর আইএসসি | ইনফরমাল সেক্টর আই এস সি | টেলিফোন: 01711200 2908<br>ই-মেইল: mansur.hasan@sos-bangladesh.org | |
| ১২. | এ এইচ এম মাসুম বিল্লাহ<br>সিনিয়র তথ্য অফিসার | শিল্প মন্ত্রণালয় | টেলিফোন 01754068520<br>ই-মেইল 27masumbillah@gmail.com. | |
| ১৩. | ফারহানা খান | এস এম ই ফাউন্ডেশন | টেলিফোন: 01553535040 | |